

প্রেস রিলিজ

৮ অক্টোবর ২০২১, টোকিও

প্রবাসীদের জন্য সিটিজেন রেজিস্ট্রেশনের আপগ্রেডেড সংস্করণ চালু করেছে টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস

প্রবাসীদের কাছে সরকারী নানাবিধ সেবা সহজে পৌঁছে দেয়াই বিদেশস্থ দূতাবাস সমূহের অন্যতম কাজ। জাপান প্রবাসী বাংলাদেশিদের উন্নত ও আধুনিক সেবা প্রদানের উদ্দেশ্য নিয়ে টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস নিরলস কাজ করে যাচ্ছে। সেই ধারাবাহিকতায় আজ (০৮/১০/২০২১ শুক্রবার) প্রবাসীদের জন্য সিটিজেন রেজিস্ট্রেশনের আপগ্রেডেড সংস্করণ চালু করেছে টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস।

এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে নাগরিকদের তথ্য সংরক্ষণের উন্নত ও আধুনিক সংস্করণটি উদ্বোধন করেন জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ। এ সময় রাষ্ট্রদূত বলেন, সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ নতুন এই সিস্টেমটি আধুনিক প্রযুক্তিতে তৈরী, ব্যবহারকারীদের জন্য সহজ ও যুগোপযোগী। এটি ব্যবহারের ফলে দূতাবাস জাপান প্রবাসীদের সঠিক ও হালনাগাদ তথ্য পাবে যা ডাটাবেস আকারে সংরক্ষণ করতে পারবে এবং ভবিষ্যতে সরকারী সেবা প্রদানে ব্যবহার করা হবে। এছাড়া বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ, মহামারি ও বিপদে প্রবাসীদের সাথে যোগাযোগ করা ও তাঁদের কাছে দূতাবাসের সেবা প্রদান সহজতর হবে।

রাষ্ট্রদূত জাপান প্রবাসী সকল বাংলাদেশি নাগরিককে দূতাবাসের ওয়েবসাইট ব্যবহার করে তাঁদের রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য অনুরোধ করেন।

এ সময় দূতাবাসের কর্মকর্তা – কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

মুহা. শিপলু জামান
প্রথম সচিব (প্রেস)